দুরাভাষ ঃ ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স ঃ ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

## মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা

## কোলকাতা ঃ ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -

তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ৬৩
তাং - ২৮।০৫।২০২৫

সময়ঃ বেলা ৩.৩০ টা
স্থানঃ পৌরসভা সভাকক্ষ

আলোচ্য বিষয়ঃ

(১) বিগত সভার (৬২নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৫) নামজারিকরনের অনুমোদন।

(৬) বিবিধ।

উপস্থিতিঃ

* পৌরপ্রধানঃ শ্রী নিমাই ঘোষ
* উপপৌরপ্রধানঃ শ্রী প্রকাশ রাহা

অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ

* মহঃ নজরুল ইসলাম
* মাসতুরা সাহানি
* মহঃ জুম্মান আলী
* শ্রীমতী মমতা রায় সেন
* শ্রী গোপাল চন্দ্র ঘোষ
* শ্রীমতী কনিকা দেবনাথ
* শ্রীমতী অনিতা মুখার্জী
* শ্রী সুভাষ ব্যানার্জী
* শ্রীমতী সুমিতা ঘোষ
* শ্রী অরবিন্দ মিত্র
* শ্রীমতী অন্তরা মজুমদার
* শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক
* শ্রী সুশান্ত রায়
* শ্রী কিশোর কুমার রায়
* শ্রীমতী রাধারানী দত্ত
* শ্রী সুব্রত দাস
* শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
* শ্রী অলোক সাহা
* শ্রীমতী বৈশালী ব্যানার্জী
* শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
* শ্রী সঞ্জয় মন্ডল
* শ্রী অরুপ কুমার ঘোষ
* শ্রীমতী সুতপা ব্যানার্জী
* শ্রী সুকুমার মন্ডল

মধ্যমগ্রাম পৌরসভা উত্তর ২৪পরগনা মধ্যমগ্রাম

অন্যান্য উপস্থিতিঃ শ্রী প্রসুন ঘোষ - অর্থ আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে শ্রী অলোক সাহা বলেন গত সভায় ৯ ও ২৪ নং ওয়ার্ডে ৪টি পুকুর ভরাট করার বিষয়ে বলেছিলাম। আমি নিজে ঐ জায়গাগুলোতে গিয়েছিলাম। পুকুরগুলোকে ভরাট করে ডোবাতে পরিণত করেছে। প্রথমদিকে অল্প অল্প করে জঞ্জাল ফেলে। প্রতিবেশীরা আপত্তি করলে কিছুদিনের জন্য বন্ধ করে। এটা সংক্রামিত রোগ। এটা দেখুন। স্বচ্ছতা রাখার জন্য পুকুর ভরাট করা বন্ধ করুন। আমি পুনরায় পৌরসভাগত ভাবে তদন্ত করার জন্য প্রস্তাব রাখছি।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন গত সভাতেই আপনার প্রশ্নের উত্তর দিয়েছিলাম। অভিযোগ পত্র পাওয়ার পর নির্বাহী আধিকারিককে তদন্ত করার জন্য বলা হয়। বাস্তবতা থাকলে পুলিশ প্রশাসনকে বলা হয় ব্যবস্থা নেওয়ার জন্য। তারা ব্যবস্থা নিয়ে আমাদের জানান। ২৪ নং ওয়ার্ডের কাউন্সিলর নিজে উদ্যোগ নিয়েছিলেন। তিনি দেখেন রাবিশ ফেলা ছিল। মালিককে দ্রুত রাবিশ তুলতে বলেছে।পুলিশ প্রশাসন ও মালিককে চিঠি করেছে রাবিশ তুলে ফেলার জন্য। পৌরসভায় পুকুর ভরাট সংক্রান্ত কোন অভিযোগ জমা পড়লে তা দ্রুত তদন্ত করে ব্যবস্থা নেওয়া হয়।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বিগত সভার (৬২ নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকল সদস্য কোনপ্রকার আপত্তি বা মতামত না জানানোয় বিগত সভার (৬২নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় CIC সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন HFA তহবিলে প্রতিটি ওয়ার্ডে ১২ লাখ টাকা করে যে বরাদ্দ ছিল তা থেকে Mastic রাস্তা তৈরীর জন্য টাকা বাদ দেওয়ার পর কোন ওয়ার্ডে কত টাকা অবশিষ্ট আছে তা আপনাদের জানানো হবে। অবশিষ্ট টাকার কি কাজ হবে তা আপনারা দ্রুত জানাবেন। Tender প্রক্রিয়া দ্রুত শেষ করা হবে। তৃতীয় পর্য্যায়ে আরো ৬টি Mastic রাস্তা তৈরী হবে।Tender দ্রুত করা হবে। ৩১টি কাজের NIT তহবিলসহ অনুমোদনের প্রস্তাব দেন।

উপপৌরপ্রধান শ্রী প্রকাশ রাহা মহাশয় বলেন ২৩নং ওয়ার্ড ২১ ও ২৪ নং ওয়ার্ডের বর্ডার এলাকা। কিন্তু Mastic রাস্তা হল না কেন তা জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন ২৩নং ওয়ার্ডের বিদ্যাসাগর রোড PWD র অধীনে। সেখানে পৌরসভা কোন কাজ করতে পারবে না। পৌরএলাকার প্রায় সব গুরুত্বপূর্ন রাস্তা গুলিই Mastic হয়েছে বা হচ্ছে। এজন্য রাজ্য সরকারের খাদ্য ও সরবরাহ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী রথীন ঘোষ মহাশয়ের উদ্যোগ ছাড়া সম্ভব হতো না। এজন্য আমরা তাঁকে পৌরসভার পক্ষ থেকে ধন্যবাদ জানিয়ে চিঠি দেব।

শ্রী অলোক সাহা ড্রেন এর কাজের অবস্হা জানতে চান।

মাননীয় CIC সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন যে ড্রেন আছে তা পরিষ্কার থাকলে সমস্যা হওয়ার কথা নয়। ৩.৫ কিমি লম্বা একটি ড্রেন তৈরীর পরিকল্পনা নেওয়া হয়েছে।মাননীয় মন্ত্রী বিষয়টি ইতিমধ্যেই সুপারিশ করেছেন। মিলনপল্লী কুনী এলাকায় একটি Pumping station তৈরীর পরিকল্পনা আছে। এগুলো হয়ে গেলে ৩,৭,৮,৯,২৫, ১৩, ১৪,১৫ নং ওয়ার্ডের সমস্যা মিটে যাবে বলে আশাকরি।

শ্রী অরুপ কুমার ঘোষ জানতে চান মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষিত তহবিলের অর্থের কাজের বর্তমান অবস্হা কি?

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন proposal তৈরী করে RSPS(V-2) পোর্টালে upload করা হয়েছে। আমরা যোগাযোগ রাখছি দ্রুত বাস্তবায়নের জন্য।

শ্রী অলোক সাহা বলেন promoter রা ড্রেনের উন্নতির জন্য যে অর্থ দেয় তা সংশ্লিষ্ট ওয়ার্ডে ব্যয় হয় না।এছাড়াও ADP ২৫-২৬ এর বিষয়ে জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন ADP ২৫-২৬ সঠিক সময়ে জানানো হবে।

শ্রীমতী বৈশালী ব্যানার্জী বলেন কেন্দ্রীয়ভাবে ড্রেন পরিষ্কারের সময় Slab ভেঙে গেছে। এগুলো কিভাবে repair হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন গুরুত্বপূর্ন রাস্তার ড্রেনের Slab ভেঙে গেলে লিখিতভাবে জানাবেন। কাউন্সিলর তহবিল অথবা ADP র বরাদ্দ হতে করে নেবেন।

সভায় দীর্ঘ আলোচনা শেষে নিম্নলিখিত tender গুলি তহবিল সহ অনুমোদিত হলঃ-

(1) WBMAD/MM/NIT-01e/2025-26 dt. 21.05.25 , Sl. No. 1 to 10 , Amount : 8465236.00, Fund : HFA 19-20

(2) WBMAD/MM/NIT-02e/2025-26 dt. 21.05.25 , Sl. No. 1 to 10 , Amount : 6885985.00, Fund : HFA 19-20

(3) WBMAD/MM/NIT-03e/2025-26 dt. 21.05.25 , Sl. No. 1 to 8 , Amount : 3855604.00, Fund : HFA 19-20

(4) WBMAD/MM/NIT-04e/2025-26 dt. 21.05.25 , Sl. No. 1 to 10 , Amount : 8470314.00, Fund : HFA 19-20

(5) WBMAD/MM/NIT-05e/2025-26 dt. 21.05.25 , Sl. No. 1 to 10 , Amount : 6893807.00, Fund : HFA 19-20

(6) WBMAD/MM/NIT-06e/2025-26 dt. 21.05.25 , Sl. No. 1 to 8 , Amount : 3853658.00, Fund : HFA 19-20

(7) WBMAD/MM/NIT-34e/2024-25 (2nd Call) dt. 21.05.25 , Sl. No. 1 , Amount : 120417.00, Fund : ADP 24-25

(8) WBMAD/MM/NIT-20e/2024-25 (3rd Call) dt. 21.05.25 , Sl. No. 1 , Amount : 246716.00, Fund : ADP 24-25

(9) WBMAD/MM/NIT-07e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 1 , Amount : 299532.00, Fund : ADP 25-26

(10) WBMAD/MM/NIT-07e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 2 , Amount : 299755.00, Fund : ADP 25-26

(11) WBMAD/MM/NIT-07e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 3 , Amount : 299983.00, Fund : ADP 25-26

(12) WBMAD/MM/NIT-07e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 4 , Amount : 546864.00, Fund : ADP 25-26

(13) WBMAD/MM/NIT-07e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 5 , Amount : 342238.00, Fund : ADP 25-26

(14) WBMAD/MM/NIT-07e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 6 , Amount : 128700.00, Fund : ADP 25-26

(15) WBMAD/MM/NIT-07e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 7 , Amount : 218007.00, Fund : ADP 25-26

(16) WBMAD/MM/NIT-07e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 8 , Amount : 234045.00, Fund : ADP 25-26

(17) WBMAD/MM/NIT-07e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 9 , Amount : 467652.00, Fund : ADP 25-26

(18) WBMAD/MM/NIT-07e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 10 , Amount : 980785.00, Fund : ADP 25-26

(19) WBMAD/MM/NIT-08e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 1 , Amount : 178255.00, Fund : ADP 25-26

(20) WBMAD/MM/NIT-08e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 2 , Amount : 228061.00, Fund : ADP 25-26

(21) WBMAD/MM/NIT-08e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 3 , Amount : 265042.00, Fund : ADP 25-26

(22) WBMAD/MM/NIT-08e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 4 ,
Amount : 30207.00, Fund : NULM

(23) WBMAD/MM/NIT-08e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 5 ,
Amount : 142115.00, Fund : ADP 25-26

(24) WBMAD/MM/NIT-08e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 6 ,
Amount : 470967.00, Fund : ADP 25-26

(25) WBMAD/MM/NIT-08e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 7 ,
Amount : 99104.00, Fund : Ward Development

(26) WBMAD/MM/NIT-08e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 8 ,
Amount : 196927.00, Fund : Ward Development

(27) WBMAD/MM/NIT-08e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 9 ,
Amount : 297255.00, Fund : ADP 25-26

(28) WBMAD/MM/NIT-09e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 1 ,
Amount : 2995001.00, Fund : ADP 25-26

(29) WBMAD/MM/NIT-09e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 2 ,
Amount : 1869969.00, Fund : ADP 25-26

(30) WBMAD/MM/NIT-10e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 1 ,
Amount : 3499202.00, Fund : MPLADS

(31) WBMAD/MM/NIT-10e/2025-26 dt. 26.05.25 , Sl. No. 2 ,
Amount : 999508.00, Fund : MPLADS

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন জল প্রকল্পের মধ্যে electric এর Maintenance এর কারণে ১০ ঘন্টা Shut Down চলছে। পৌরনাগরিকদের উদ্দেশ্যে মাইক প্রচার করা হয়েছে। আপনারাও ভুমিকা নিয়েছেন। আগামীকাল সকাল হতে ঠিক হয়ে যাবে। আবার পূর্বের ন্যায় জল সরবরাহ শুরু হবে। পৌরএলাকার tube light এর পরিবর্তে LED Light লাগানোর একটা প্রস্তাব জমা করা হয়েছে। আশা করছি অনুমোদন পাওয়া যাবে।

মাননীয় CIC সদস্য শ্রী অরবিন্দ মিত্র মহাশয় বলেন timer গুলি খুবই নিম্নমানের। Good Quality -র timer ক্রয় করার জন্য প্রস্তাব দেন।

শ্রীমতী অনিতা মুখার্জী বলেন পাল পাড়াতে Green City তহবিলে যে light লাগানো হয়েছে তা কেটে যাচ্ছে। এটা দেখা দরকার।

শ্রীমতী বৈশালী ব্যানার্জী বলেন কবিগুরু স্কুলের মাঠে একটি লাইট লাগানোর আবেদন প্রায় দুই মাস আগে করেছিলাম। অনুমোদন হয়েছে কিনা জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন timer ক্রয়ের বিষয়ে Purchase Committee কে বলা হবে। Green City তহবিলের Light কেটে গেলে repair করা হবে এবং কবিগুরু স্কুলের মাঠে Light লাগানোর ব্যবস্থা নেওয়া হবে।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় CIC সদস্য জনাব নজরুল ইসলাম মহাশয় বলেন ডেঙ্গু প্রতিরোধে Intensive Cleaning এর কাজ আজ হতে শুরু হচ্ছে। Microplan অনুযায়ী প্রত্যেকটি ওয়ার্ডে ৮০ জন করে শ্রমিক ড্রেন পরিষ্কারের কাজ করবে। এছাড়াও খালি জমি ও পুকুরের ধার পরিষ্কারের কাজও হবে। আরো বলেন স্বাস্থ্য দপ্তরের Assistant Health Office , Staff Nurse ও PTMO দের interview নেওয়ার পর Interview Board এর পক্ষ থেকে যে সুপারিশ করেছে তা পেশ করলাম । আপনাদের অনুমোদনের জন্য আবেদন করছি।

শ্রী অলোক সাহা বলেন ডেঙ্গু প্রতিরোধের কাজের বিষয়ে সুপারভাইজারদের থেকে জানতে হচ্ছে। একটা চিঠি করা উচিত ছিল।

শ্রী সুভাষ ব্যানার্জী, শ্রী অরুপ কুমার ঘোষ, শ্রীমতী মমতা রায় সহ উপস্থিত সদস্যদের অধিকাংশই শ্রী অলোক সাহার বক্তব্য সমর্থন করে বলেন চিঠি করে কাউন্সিলরদের জানানো উচিত।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন আগামীদিনে চিঠি করে জানানো হবে। সভায় আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গুলি গৃহীত হলঃ

(১) SUDA -র নির্দেশনামা অনুযায়ী মশাবাহিত রোগ ডেঙ্গু প্রতিরোধে Intensive Cleaning এর কাজ করা হবে।

(২) SUDA -র নির্দেশনামা SUDA-12017(99)/22/2024/4788, DT. 25.06.24 অনুযায়ী Interview Board এর সুপারিশের ভিত্তিতে পুরসভার স্বাস্থ্য দপ্তরে Assistant Health Officer (AHO) পদে Suhrith Shubha Roy , S/o Tinku Roy কে নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হল। উক্ত সিদ্ধান্ত অনুমোদনের জন্য Director SUDA কে জানানোর সিদ্ধান্তও গৃহীত হল।

(৩) SUDA -র নির্দেশনামা SUDA-12017(99)/22/2024/4789, DT. 25.06.24 অনুযায়ী Interview Board এর সুপারিশের ভিত্তিতে পুরসভার স্বাস্থ্য দপ্তরে Part Time Medical Officer (PTMO) পদে নিম্নলিখিত আবেদনকারীদের নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হল। উক্ত সিদ্ধান্ত অনুমোদনের জন্য Director SUDA কে জানানোর সিদ্ধান্তও গৃহীত হল।

| Sl. No. | Name | Father's Name |
|---|---|---|
| 1 | Asit Kumar Naskar | Asish Kumar Naskar |
| 2 | Manoj Kumar Mondal | Abhilash Ch Mondal |
| 3 | Mehebub Hossain | Masidul Sk |
| 4 | Manisha Sarkar | Biplab Sarkar |
| 5 | Srijan Kar | Shyamal Kar |

(৪) SUDA -র নির্দেশনামা SUDA-12017(99)/22/2024/4787, DT. 25.06.24 অনুযায়ী Interview Board এর সুপারিশের ভিত্তিতে পুরসভার স্বাস্থ্য দপ্তরে Staff Nurse পদে নিম্নলিখিত দুইজন আবেদনকারীকে নিয়োগ করা সহ ৮ জনের Waiting List তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হল। উক্ত সিদ্ধান্ত অনুমোদনের জন্য Director SUDA কে জানানোর সিদ্ধান্তও গৃহীত হল।

| Sl. No. | Name | Father's Name |
|---|---|---|
| 1 | Indrani Ghosh | Late Raja Ghosh |
| 2 | Ahana Sardar | Indraneel Sardar |

Waiting List

| Sl. No. | Name | Father's Name |
|---|---|---|
| 1 | Santana Maji | Nirmalendu Maji |
| 2 | Snigdha Mondal | Kshudiram Mondal |
| 3 | Sumana Singha | Kamal Singha |
| 4 | Rima Sarkar | Madhab Sarkar |
| 5 | Dipti Rana | Lakshmi Kanta Rana |
| 6 | Dipanjana Mondal | Gopal Ch. Mondal |
| 7 | Rupnarayan Das Adhikary | Late Radheshyam Das Adhikary |
| 8 | Riya Halder | Panna Lal Halder |

(৫) নামজারিকরণের অনুমোদনঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী ৫৭টি নামজারিকরণের আবেদন পত্র অনুমোদিত হল।

(৬) বিবিধঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) নিম্নলিখিত Work Order গুলি তহবিল সহ অনুমোদিত হলঃ-

(i) **MM/Electric/01/2025-26 , dt. 07/04/25, Amount : Rs. 240900.00, Fund : ADP (2024-25)**

(ii) **MM/Electric/03/2025-26, dt. 17/05/2025, Amount : Rs. 479800.00, Fund: Pro Poor Fund (2024-25).**

(iii) **MM/Electric/04/2025-26, dt. 17/05/2025, Amount : Rs. 220000.00, Fund: Pro Poor Fund (2024-25).**

(iv) **MM/Electric/07/2025-26, dt. 18/05/2025, Amount : Rs. 203600.00, Fund: Pro Poor Fund (2024-25).**

(২) মহামান্য কোলকাতা হাইকোর্টের মাননীয়া বিচারপতি শ্রীমতী অমৃতা সিন্‌হার নির্দেশ অনুযায়ী Durga Banerjee Vs The State of West Bengal & Ors. (W.P.A. 22225 of 2023) এ U/S 218 of the West Bengal Municipal Act., 1993 মোতাবেক পৌরবোর্ড মাননীয় পৌরপ্রধানকে অবৈধ নির্মানকার্য্য ভেঙ্গে ফেলার ব্যবস্থা গ্রহণ করার জন্য সর্ব্বসম্মতভাবে দায়িত্ব অর্পন করা হল।

(৩) মহামান্য কোলকাতা হাইকোর্টের মাননীয়া বিচারপতি শ্রীমতী অমৃতা সিন্‌হার নির্দেশ অনুযায়ী Sunil Halder & Anr. Vs The State of West Bengal & Ors. (W.P.A. 138 of 2024) এ U/S 218 of the West Bengal Municipal Act., 1993 মোতাবেক পৌরবোর্ড মাননীয় পৌরপ্রধানকে অবৈধ নির্মানকার্য্য ভেঙ্গে ফেলার ব্যবস্থা গ্রহণ করার জন্য সর্ব্বসম্মতভাবে দায়িত্ব অর্পন করা হল।

(৪) আগামী ৫ই জুন Amrut Mitra প্রকল্পের অধীন Women for Trees কর্মসূচী পালন করা হবে।Self Help Group এর মহিলা সদস্যদের উক্ত কাজে নিয়োজিত করা হবে।

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

ধন্যবাদান্তে,

নিমাই ঘোষ

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪পরগনা
মধ্যমগ্রাম

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ____________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

Executive Officer
Madhyamgram Municipality
North 24 Parganas